

জবির মনোবিজ্ঞান বিভাগ ছাত্রলীগের সহ-সভাপতি সেলিমকে বহিষ্কার

জবি প্রতিবেদক

৩০ জুলাই ২০২৩ ১০:৩৫ এএম | আপডেট: ৩০ জুলাই ২০২৩ ১০:৪২
এএম

4
Shares



জগন্নাথ বিশ্ববিদ্যালয়

advertisement..

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) মনোবিজ্ঞান বিভাগ ছাত্রলীগের সহ-সভাপতি সেলিম রানাকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল শনিবার রাতে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের উপ-দপ্তর সম্পাদক তানভীর আহমেদ স্বাধীন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের জরুরি সিদ্ধান্ত মোতাবেক শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সেলিম রানাকে বাংলাদেশ ছাত্রলীগ থেকে বহিষ্কার করা হলো।

আরও পড়ুন: চুক্তিভিত্তিক রেজিস্ট্রার নিয়োগ বাতিল চায় জবি শিক্ষক সমিতি

advertisement

বহিষ্কৃত সেলিম রানা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। এবং ছাত্রলীগের মনোবিজ্ঞান বিভাগের ৫ নম্বর সহ-সভাপতি ছিলেন।

জবি শাখা ছাত্রলীগ সূত্রে জানা যায়, সেলিম রানা জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম আকতার হোসাইনের কর্মী। গত শুক্রবার আওয়ামী লীগের শান্তি সমাবেশ দলীয় নেতাকর্মীর সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয় সেলিম রানা। ফলে কেন্দ্রীয় ছাত্রলীগ এ সিদ্ধান্ত নেন।